

## **≣** কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০: ৯

আরবি মূল আয়াত:

## وَ نَزَّلْنَا مِنَ السَّمَآءِ مَآءً مُّبْرَكًا فَأَنبَتنَا بِهِ جَنَّتٍ قَ حَبَّ الحَصِيدِ ﴿٩﴾

## 🗚 অনুবাদসমূহ:

আর আমি আসমান থেকে বরকতময় পানি নাযিল করেছি। অতঃপর তা দ্বারা আমি উৎপন্ন করি বাগ-বাগিচা ও কর্তনযোগ্য শস্যদানা। — আল-বায়ান

আমি আকাশ থেকে বর্ষণ করি কল্যাণকর বৃষ্টি আর তা দিয়ে সৃষ্টি করি বাগান আর মাড়াইযোগ্য শস্যদানা, — তাইসিকল

আকাশ হতে আমি বর্ষণ করি কল্যাণকর বৃষ্টি এবং তদ্বারা আমি সৃষ্টি করি উদ্যান ও উদগত করি শস্য। — মুজিবুর রহমান

And We have sent down blessed rain from the sky and made grow thereby gardens and grain from the harvest — Sahih International

৯. আর আসমান থেকে আমরা বর্ষণ করি কল্যাণকর বৃষ্টি অতঃপর তা দ্বারা আমরা উৎপন্ন করি উদ্যান, কর্তনযোগ্য শস্য দানা,

তাফসীরে জাকারিয়া

- (৯) আকাশ হতে আমি বর্ষণ করি কল্যাণকর বৃষ্টি এবং তার দ্বারা আমি সৃষ্টি করি বহু বাগান ও পরিপক্ষ শস্যরাজি, [1]
  - [1] পরিপক্ক শস্যরাজি বা কাটা শস্য বলতে সেই ক্ষেতগুলো, যেগুলো থেকে গম, ভুটা, জোয়ার, বাজরা, ডাল ও ধান ইত্যাদি ফসল হয় এবং তা সুরক্ষিত করে রাখা হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4639

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন